

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫৭

আগরতলা, ০৭ জুন, ২০২৪

রাজ্যভিত্তিক দশম আন্তর্জাতিক যোগা দিবস

আগরতলায় প্রস্তুতি সভা

আগামী ২১ জুন হাঁপানিয়াস্থিত আন্তর্জাতিক প্রদর্শনী হলে রাজ্যভিত্তিক দশম আন্তর্জাতিক যোগা দিবস উদযাপন করা হবে। এ উপলক্ষে আজ যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের প্রধান কার্যালয়ের কনফারেন্স হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পশ্চিম ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক প্রশাস্ত বাদল নেগি। উপস্থিত ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের যুগ্ম অধিকর্তা পাইমৎ মগ সহ অন্যান্য দপ্তরের আধিকারিকগণ। সভায় আন্তর্জাতিক যোগা দিবস উদযাপনকে সাফল করে তুলতে যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায়কে চেয়ারম্যান করে একটি অর্গানাইজিং কমিটি ও ৯টি উপ কমিটি গঠন করা হয়েছে। সভায় অতিরিক্ত জেলাশাসক প্রশাস্ত বাদল নেগি আন্তর্জাতিক যোগা দিবসকে সফল করে তুলতে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান। সভায় জানানো হয় এবারের আন্তর্জাতিক যোগা দিবসের মূল অনুষ্ঠানে ২ হাজার ৭৫০ জন যোগা প্রদর্শন করবেন।
